


Llywodraeth Cymru
Welsh Government

www.cymru.gov.uk





# বিদ্যালয়ে আজকের দিনটি কেমন ছিল?

সেকেন্ডারি স্কুল (মাধ্যমিক বিদ্যালয়) সম্পর্কে পিতা-মাতা এবং কেয়ারার-এর (যত্নকারী) জন্য নির্দেশিকা

বয়সসীমা **11–14**





# সূচিপত্র


| | |
|---|---|
| আমার সন্তান কী শিখছে? | 4 |
| পঠন ও সংখ্যাজ্ঞান পরীক্ষা কী? | 14 |
| আমার সন্তানের শেখার প্রক্রিয়ায় আমি কীভাবে সাহায্য করতে পারি? | 16 |
| কীভাবে আমার সন্তানকে মূল্যায়ন করা হবে? | 20 |
| স্কুলের প্রতিবেদন | 24 |
| Key Stage 4-এ উত্তীর্ণ হবার জন্য সহায়তা | 26 |
| দরকারি যোগাযোগ তথ্যসমূহ | 30 |




ISBN: 978-0-7504-9396-3
WG17867 Bengali
© ক্রাউন কপিরাইট ফেব্রুয়ারি 2013

ওয়েলশ সরকার বিশ্বাস করে কমবয়সী শিক্ষার্থীদের ভবিষ্যতের জন্য একটি শক্ত ভিত্তি তৈরী করে দিলে শিশুদের এবং ওয়েলশ উভয়ের জন্য দীর্ঘ মেয়াদী সুবিধা দিবে।

শিশুদের শিক্ষায় সহযোগিতা এবং তার চেয়েও গুরুত্বপূর্ণ হলো বিদ্যালয় এবং শেখার ব্যাপারটি উপভোগ করার ক্ষেত্রে পিতা-মাতাদের এবং কেয়ারারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

আপনার সন্তান মাধ্যমিক বিদ্যালয়ে কী শিখছে তা এই নির্দেশিকাটি ব্যাখ্যা করবে। আপনার সন্তানকে কীভাবে সাহায্য করা যায়, কোথায় আরো তথ্য পাওয়া যাবে, তাদের অগ্রগতি কীভাবে পরিমাপ করা হবে এবং কীভাবে আপনাকে জানানো হবে সে সর্ম্পকে আপনাকে কিছু ধারণা দিবে।

ওয়েলশে শিশুদের শিক্ষাকে চারটি ভাগে অথবা পর্যায়ে ভাগ করা হয়েছে।

**প্রাথমিক বিদ্যালয়**

**1**

7 ফাউন্ডেশন ফেইজ (ভিত্তি তৈরীর পর্যায়) 3 থেকে 7 বছরের বয়সী শিশুদের জন্য।

**2**

কী স্টেজ (প্রধান পর্যায়) 2 হলো 7 থেকে 11 বছর বয়স পর্যন্ত।

**মাধ্যমিক বিদ্যালয়**

**3**

কী স্টেইজ 3 হলো 11 থেকে 14 বছর বয়স পর্যন্ত।

**4**

কী স্টেইজ 4 হলো 14 থেকে 16 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য।

এই নির্দেশিকাটি কী স্টেজ 3-তে 11 থেকে 14 বছর বয়সী যেসব শিশুরা মাধ্যমিক বিদ্যালয়ে যায় তাদের জন্য প্রযোজ্য পাঠ্যক্রম ব্যাখ্যা করবে।

আপনার সন্তানের শিক্ষার অন্যান্য পর্যায়গুলো সর্ম্পকে তথ্য পাবেন এখানে-
www.wales.gov.uk/educationandskills

# আমার সন্তান কী শিখছে?



এ পর্যায়ের শিশুরা জাতীয় শিক্ষাক্রমে কী স্টেজ 3-এর জন্য নির্ধারিত কর্মসূচী মেনে চলবে। প্রাথমিক বিদ্যালয়ে অর্জিত শিক্ষা এবং জ্ঞান পরবর্তীতে মাধ্যমিকে বিদ্যালয়ে তারা যে পরীক্ষার কোর্সগুলো নিবে সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে তাদেরকে প্রস্তুত করবে।

কী স্টেজ ৩-এর পাঠ্যক্রমটি বিষয় এবং দক্ষতা নিয়ে সাজানো হয়েছে। এটি ভাষা, গণিত এবং বিজ্ঞানে একটি শক্ত ভিত্তি তৈরী করে দিবে এবং শিক্ষার্থীদেরকে একটি বিশাল এবং সামঞ্জস্যপূর্ণ পাঠ্যক্রমের মধ্য দিয়ে তাদের সর্বোচ্চ অর্জনের সুযোগ দিবে।

স্বাক্ষরতা ও সংখ্যাজ্ঞানে তাদের ভালো দক্ষতা বৃদ্ধি করা এবং সেগুলোকে নানা ধরণের পরিস্থিতিতে ব্যবহার করার বিষয়টি মাধ্যমিক বিদ্যালয়ে শিশুদের শিক্ষার মূলে রয়েছে।

আমরা চাই সকল শিশু যেন আত্মবিশ্বাসের সাথে পড়তে, লিখতে এবং সংখ্যা ব্যবহার করতে পারুক এবং ভবিষ্যতে তাদের শিক্ষাক্ষেত্রে ও জীবনে সিদ্ধান্ত নেবার সময় করতে সাহায্য করবে।

আপনার সন্তানের পাঠ্যক্রম সাজানো হবে সমৃদ্ধ এবং বৈচিত্র্যময় করে যা তাদেরকে নিচের বিষয়গুলো শেখার সুযোগ দিবে:

- ইংরেজী • ওয়েলশ অথবা দ্বিতীয় ভাষা হিসেবে ওয়েলশ
- গণিত • বিজ্ঞান
- পরিকল্পনা ও প্রযুক্তি (ডিজাইন এন্ড টেকনোলজি)
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)
- একটি আধুনিক বিদেশী ভাষা • ইতিহাস • ভূগোল
- সঙ্গীত • কলা এবং অঙ্কন (আর্ট এন্ড ডিজাইন)
- শরীর চর্চা শিক্ষা (পিই)



শিশুদেরকে অবশ্যই ধর্মীয় শিক্ষা (আরই) পড়তে হবে এবং সমস্ত মাধ্যমিক বিদ্যালয়কে কিছু ব্যক্তিগত এবং সামাজিক শিক্ষা (পিএসই), পেশা ও কাজের জগৎ সংক্রান্ত শিক্ষা এবং যৌন শিক্ষা প্রদান করতে হবে।

প্রতিটি বিদ্যালয় সিদ্ধান্ত নিবে তারা শিশুদেরকে কী শিখাবে এবং বিদ্যালয়ের দিনটি কীভাবে সাজানো হবে। তারা আমাদের নির্ধারণ করে দেয়া আবশ্যক বিষয়গুলো বিবেচনায় নিবে এবং তাদের নিজেদের সময়সূচীর ব্যবস্থা করবে।

শিক্ষকরা পাঠের পরিকল্পনা তৈরী করেন এবং সিদ্ধান্ত নেন কোন শিক্ষা উপকরণ ও পন্থা ব্যবহার করা হবে। এটি নিশ্চিত করা বিদ্যালয়ের দায়িত্ব যে তাদের পাঠ্যক্রম আইনগত আবশ্যিকতা অনুযায়ী সাজানো।

আপনার সন্তানের বিদ্যালয়টি, তারা কী উপায়ে পাঠ্যক্রমটি সাজিয়েছে, আপনার সন্তান যে দক্ষতাগুলো অর্জন করবে এবং সে যা শিখবে তার উপাদানগুলোর বিস্তারিত সম্পর্কে আপনাকে আরো তথ্য দিতে পারবে।

ওয়েলশের শিক্ষা এবং পাঠ্যক্রম সর্ম্পকে আরো তথ্য জানার জন্য আপনি এখানে যেতে পারেন-
www.wales.gov.uk/educationandskills

# ইংরেজী অথবা ওয়েলশ

শিশুরা বলা এবং শোনা, পড়া এবং লেখার একটি কর্মসূচীতে যোগ দিবে।

বিভিন্ন কর্মকান্ড এটি নিশ্চিত করবে যাতে শিশুরা শ্রোতা, দর্শক এবং বক্তা হিসাবে দক্ষতা লাভ করতে পারে এবং সেটি বৃদ্ধি করতে পারে।

শিশুরা ব্যাপকভাবে আনন্দ ও আগ্রহের সাথে এবং তথ্যের জন্য পড়বে এবং তাদের পড়াশোনা সম্পর্কে তথ্যভিত্তিক ব্যক্তিগত মতামত রাখা এবং ব্যাখ্যা করার ক্ষমতা লাভ করবে।

যেসব অভিজ্ঞতা তাদেরকে দেওয়া হবে তার মধ্যে রয়েছে নাটকে অংশগ্রহণ করা এবং চরিত্রাভিনয় সংক্রান্ত কর্মকান্ড।

যথার্থ মাত্রার সম্মান প্রদর্শনপূর্বক ভিন্ন ভিন্ন উদ্দেশ্যে এবং ভিন্ন ভিন্ন শ্রোতা অনুযায়ী তারা তাদের ভাষাকে মানিয়ে নেয়া শিখবে।



# দ্বিতীয় ভাষা হিসেবে ওয়েলশ

শিশুরা যখন ওয়েলশ ভাষায় কথা বলতে আরো পারদর্শী হতে থাকে তারা তাদের দক্ষতা, জ্ঞান এবং বোঝার ক্ষমতাকে বাচন, পঠন এবং লিখার একটি কর্মসূচীর মাধ্যামে বৃদ্ধি করতে পারে।

শ্রোতা, দর্শক ও বক্তা হিসেবে শিশুদের দক্ষতাকে আরো উন্নত ও বিস্তৃত করা হবে এবং তারা অধিকতর সাবলীলভাবে কথা বলবে।

যেসব অভিজ্ঞতা তাদেরকে দেওয়া হবে তার মধ্যে রয়েছে নাটকে অংশগ্রহণ করা এবং চরিত্রাভিনয় সংক্রান্ত কর্মকান্ড।

তারা যথাযথভাবে বিষয়বস্তু এবং শৈলী সহ পঠিত বিষয় সম্পর্কে তাদের ব্যক্তিগত মতামত দিতে সক্ষম হবে।



# গণিত

শিশুরা গাণিতিক সমস্যা সমাধান করে, ক্রমবর্ধমান আত্মবিশ্বাস এবং নমনীয়তার সাথে অপরিচিত সমস্যা সমাধান অথবা অপরিচিত পরিস্থিতির সমস্যা সমাধান করে, মৌখিক এবং লিখিত কাজ করে, অন্যদের কাছে তাদের যুক্তি ব্যাখ্যা করে এবং সকল ধরণের গাণিতিক পরিস্থিতি ব্যবহার করে সমস্যার সমাধান এবং বাস্তব জীবনের সমস্যার ক্ষেত্রে এর প্রয়োগের উপায় শেখার মাধ্যমে তাদের গাণিতিকভাবে চিন্তাকরার ক্ষমতা মাধ্যমে বৃদ্ধি করে।

আলজেব্রা এবং জ্যামিতি ব্যবহারের মাধ্যমে সমস্যা সমাধানের নানা উপায় সম্পর্কে জেনে শিশুরা যৌক্তিকভাবে তর্ক করা সম্পর্কে তাদের জ্ঞান বৃদ্ধি করবে। তারা আকৃতি, অবস্থান এবং চলনের নানা বৈশিষ্ট্য সম্পর্কে গভীর জ্ঞান অর্জন এবং বাস্তবিক উপাত্ত সংগ্রহ, পরিবেশন, বিশ্লেষণ এবং ব্যাখ্যা করতে পারে।



# বিজ্ঞান

বিদ্যালয়গুলো শিশুদেরকে তাদের বৈজ্ঞানিক দক্ষতা, জ্ঞান এবং বোঝার ক্ষমতা ব্যবহার করে কৌশল তৈরী, সমস্যা সমাধান ও ব্যাখ্যা করা সহ কীভাবে বৈজ্ঞানিক ধারণাসমূহের সাথে সংশ্লিষ্ট সাম্প্রতিক ও অন্যান্য বিভিন্ন তথ্যের যোগসূত্র খুঁজে বের করা শিখাবে।

তাদেরকে বিজ্ঞানীদের কাজকে পর্যবেক্ষণ এবং তাদের কাজে ও বৈজ্ঞানিক ধারণাসমূহ আবিষ্কারে পরিক্ষামূলক উপাত্ত, সৃজনশীল চিন্তা এবং মূল্যবোধের ভূমিকা কী সেসব বিষয় চিহ্নিত করার সুযোগ দেওয়া হবে।

# আধুনিক বিদেশী ভাষাসমুহ

শিশুরা একটি আধুনিক বিদেশী ভাষায় যোগাযোগ করার দক্ষতা লাভের সুযোগ পাবে। কোন ভাষা বা ভাষাগুলো শিখা যাবে সে ব্যাপারে বিদ্যালয়গুলো নিজেরা সিদ্ধান্ত নিবে।

তাদের কথা বলার ক্ষমতা, পড়া এবং লেখার দক্ষতা উন্নয়ণের মাধ্যমে শিশুরা আন্ত:সাংস্কৃতিক জ্ঞান এবং বিশ্বে বসবাসের অনুভূতির বিকাশ ঘটাতে পারবে। তারা বিভিন্ন সংস্কৃতি এবং কমিউনিটির মূল্যায়ণ করতে এবং নিজেদের সাথে তাদের তুলনা করতেও শিখবে। তারা ইংলিশ এবং ওয়েলশ ভাষার সাথে অন্যান্য ভাষার মিল ও অমিল কী সেগুলোও খুঁজে বের করবে।



শিশুদেরকে এটি মূল্যায়ণ করতে উৎসাহ দেওয়া হবে যে অন্য একটি ভাষায় যোগাযোগ করতে পারা এবং বুঝতে পারা ক্ষমতা শিক্ষায়, অবকাশে এবং চাকুরীর ক্ষেত্রে এদেশে এবং সারা বিশ্বজুড়ে সারাজীবনের জন্য ব্যবহারোপযোগী একটি দক্ষতা।

# পরিকল্পনা এবং প্রযুক্তি

একবিংশ শতকের সামগ্রিক ধারণক্ষমতা এবং পরিবেশসংক্রান্ত বিষয়সমূহ বিবেচনা করার পাশাপাশি বিদ্যালয়গুলো শিশুদেরকে তাদের দক্ষতা, জ্ঞান এবং বোধের সমন্বয় ঘটিয়ে পরিকল্পনা এবং পণ্যদ্রব্য তৈরী করার শিক্ষা দিবে। সমাজের ভিত্তি হিসেবে বিবেচিত মূল্যবোধের উপর ভিত্তি করে সিদ্ধান্ত নেবার ব্যাপারে তাদেরকে উৎসাহিত করা হবে এবং এর মাধ্যমে তাদেরকে সক্রিয় এবং তথ্যাভিজ্ঞ নাগরিক হতে সাহায্য করা হবে। তাদেরকে মানব সভ্যতার অর্জন সম্পর্কে এবং বড় বড় ধারণা যেগুলো বিশ্বকে গড়ে তুলেছে সেগুলো সম্পর্কে সচেতন করা হবে।

## তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)

শিশুরা তাদের দক্ষতা, জ্ঞান এবং বুঝতে পারার ক্ষমতাকে কোন তথ্য কতটুকু বিশ্বাসযোগ্য ও প্রাসঙ্গিক সে ব্যাপারে এবং উৎসের মধ্যে পক্ষপাতিত্ব চিহ্নিতকরণ ও কারণ অনুসন্ধানের ব্যাপারে ক্রমবর্ধমান সচেতনতা বিকাশের মাধ্যমে প্রসারিত করবে।

তারা কীভাবে নিরাপদ এবং যথাযথ তথ্যের উৎস ব্যবহার করতে পারে, সেটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হোক অথবা তার বাইরে হোক, সে সম্পর্কে তাদেরকে ক্রমবর্ধমানভাবে স্বাধীন হতে শিক্ষা দেওয়া হবে। তাদেরকে শেখানো হবে কীভাবে তারা তাদের নানা ধরণের আইসিটি দক্ষতা এবং উপাদান ব্যবহার করে তথ্য বিশ্লেষণ, যোগাযোগ, পরিবেশন এবং আদানপ্রদান করতে পারে। তারা বৃহত্তর সমাজে আইসিটির সামাজিক, নৈতিক এবং অর্থনৈতিক প্রভাব সম্পর্কে ক্রমবর্ধমানভাবে সচেতন হবে।



## ইতিহাস

শিশুরা ওয়েলশ এবং ব্রিটেইনের গত সহস্রাব্দের ইতিহাস থেকে বাছাইকৃত প্রধান প্রধান সময়ের রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক বৈশিষ্ট্যসমুহ সম্পর্কে প্রশ্ন করে এবং আলোকপাত করার মাধ্যমে শিক্ষালাভ করবে। বিভিন্ন সময়ে মানুষের ভিন্ন ভিন্ন অভিজ্ঞতার ব্যাপারে তারা শিখবে এবং ঘটনাসমুহের কারণ এবং কিভাবে নানা জিনিষ সময়ের ধারাবাহিকতায় পরিবর্তিত হয় সে সম্পর্কে তারা তাদের জ্ঞান বৃদ্ধি করবে।

## সঙ্গীত

শিশুরা সঙ্গীত পরিবেশন, রচনা ও মূল্যায়নের সাথে সম্পৃক্ত হবে এবং তা উপভোগ করবে। তারা গান গাওয়া এবং বাদ্যযন্ত্র বাজানো, এবং অনুশীলন, উদ্ভাবনা, রচনা এবং সঙ্গীত আয়োজনের মতো বিষয়ে সঙ্গীতধর্মী দক্ষতা অর্জন করবে। তারা সঙ্গীত মনোযোগ দিয়ে শোনা এবং মূল্যায়ন করাও শিখবে।

## ভূ-গোল

কীভাবে বিভিন্ন প্রক্রিয়া প্রকৃতি এবং মানুষ উভয়কেই রূপদান করে করে এ বিষয়ে শিশুরা তাদের জ্ঞান এবং বোঝার ক্ষমতা আরো বৃদ্ধি করবে। তারা অনুসন্ধান, মানচিত্র ব্যবহার, উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ এবং তথ্য সংশ্লেষণ করবে।

প্রতিদিনকার নানা বিষয় সম্পর্কে তথ্যভিত্তিক বিচারবিবেচনা করার জন্য তাদেরকে উৎসাহ দেওয়া হবে। নিজেদের দৃষ্টিভঙ্গি এবং মতামতের ক্ষমতা বৃদ্ধি ও এগুলোর উপর প্রতিফলন এবং পরিবেশের প্রতি তাদের দায়িত্ববোধ ও বিশ্বে তাদের কী ভূমিকা সেসব সম্পর্কেও তাদেরকে উৎসাহ দেওয়া হবে।



## কলা এবং অঙ্কন

শিশুরা তাদের নিজেদের কাজ এবং অন্য শিল্পী, কারুশিল্পী এবং ডিজাইনারদের কাজের মধ্যে সম্পর্ক বোঝার আরো বেশী ক্ষমতা লাভ করে। তারা ক্রমবর্ধমানভাবে তাদের উপকরণ ও কর্মপ্রণালীর ব্যাপারে স্বাধীন হবে এবং অতীত অভিজ্ঞতার আলোকে তারা দেখা দৃষ্টিলব্ধ, স্পর্শযোগ্য ও ইন্দ্রিয়গ্রাহ্য ভাষা ব্যবহার করতে আত্মবিশ্বাস অর্জন করে।

## শরীরচর্চা শিক্ষা (PE পিই)

শিশুদের আত্মবিশ্বাস যখন বাড়তে থাকে তখন সময়ের সাথে ক্রমবর্ধমান কৌশল প্রয়োজন এমন কর্মকান্ডে তাদের অংশগ্রহণের ক্ষমতাও বৃদ্ধি পায়। অন্যদেরকে পরাজিত করার উদ্দেশ্যে সবার সাথে কাজ করার মাধ্যমে দল বা জুটিকে শক্তিশালী করে কিভাবে যায় তার উপকারীতা সম্পর্কে তারা শিখবে। তারা কোন অনুষ্ঠানের জন্য কীভাবে অনুশীলন করতে হয় সেটিও শিখবে।

কোন কর্মকান্ডে অংশগ্রহণ করা কী উপায়ে শিশুদের নিজেদের স্বাস্থ্য এবং শারীরিক সবলতার জন্য উপকারী সেটি বোঝার জন্য এবং তাদের ভালোভাবে জীবনযাপনের ব্যাপারে আরো বড় দায়িত্ব পালনের জন্য বিদ্যালয়গুলো তাদেরকে উৎসাহ দিবে।

## আমার সন্তান আর কী কী শিখবে?

জাতীয় পাঠ্যক্রম (ন্যাশনাল কারিকুলাম) এর বিষয়গুলোর পাশাপাশি সমস্ত শিশুরা ধর্মীয় শিক্ষা (আরই) ব্যক্তিগত এবং সামাজিক শিক্ষা (পিএসই) এবং যৌন শিক্ষাও পাবে।

মূলত, একটি ব্যাপক, ভারসাম্যপূর্ণ এবং শিক্ষার্থীদের নির্দিষ্ট চাহিদা পূরণকারী আরই, পিএসই এবং যৌন শিক্ষার কর্মসূচী পরিকল্পনা এবং পরিবেশন করা বিদ্যালয়গুলোর দায়িত্ব।



# সাক্ষরতা এবং সংখ্যাজ্ঞান

5 থেকে 14 বছর বয়সী শিশুদের সাক্ষরতা ও সংখ্যাজ্ঞান উন্নয়নের জন্য সেপ্টেম্বর 2013 থেকে সংবিধিবদ্ধভাবে নতুন National Literacy and Numeracy Framework (LNF)-এর অভিষেক ঘটতে যাচ্ছে।

সকল শিশুকে তাদের স্বাক্ষরতা এবং গণনার দক্ষতা বাড়ানোর জন্য সহযোগীতা করা হবে। এসব দক্ষতা কেবলমাত্র ইংরেজি, ওয়েলশ এবং গণিত শিক্ষা সংক্রান্ত নয়, বরং এগুলো এমন দক্ষতা হল বিভিন্ন পরিস্থিতিতে এবং আরো বিস্তৃত পরিসরের কর্মকান্ডে ব্যবহার করতে পারার ক্ষমতা।

স্বাক্ষরতাকে বর্ণনা করা যায় একসাথে বেশকিছু দক্ষতার সমষ্টি হিসেবে যেগুলো আমাদেরকে আমাদের চারপাশের পৃথিবী সম্পর্কে বুঝতে সাহায্য করে; এগুলোর মধ্যে রয়েছে কথা বলা, শোনা, পড়া এবং লিখা।

মৌলিক গণিত হলো সংখ্যাজ্ঞানের ভিত্তি। সংখ্যাজ্ঞানকেও একসাথে বেশকিছু দক্ষতা সমষ্টি হিসেবে বর্ণনা করা যায় যেগুলো বাস্তব জীবনের সমস্যাগুলোকে বিভিন্ন পরিস্থিতিতে মোকাবিলা করার জন্য গাণিতিক যুক্তি ব্যবহারের মাধ্যমে সমস্যা সমাধানের উপায় ও বিভিন্ন গাণিতিক প্রক্রিয়া সম্পাদনের মাধ্যমে সেই সমাধান আবিষ্কার করতে আমাদের প্রয়োজন।

Literacy and Numeracy Framework বাৎসরিক সাক্ষরতা এবং সংখ্যাজ্ঞান প্রত্যাশা চিহ্নিত করবে এবং অনেক ধরণের কর্মকাণ্ডের মাধ্যমে জাতীয় পাঠ্যক্রমের সকল বিষয়ে সন্তানদের সাক্ষরতা এবং সংখ্যাজ্ঞান বাড়াতে সাহায্য করবে।

# পঠন ও সংখ্যাজ্ঞান পরীক্ষা কী?



## জাতীয় পর্যায়ে পরীক্ষা

শিক্ষার্থীদের ভাল অগ্রগতি নিশ্চিত করার উত্তম পন্থা হল তারা যাতে পিছিয়ে না পড়ে সেদিকে খেয়াল রাখা। একজন শিক্ষার্থীর কাজের নিয়মিত তদারকি ও মূল্যায়নের মাধ্যমে কেবল এটা অর্জন করা সম্ভব আর তাই, মে 2013 থেকে দ্বিতীয় বর্ষ থেকে নবম বর্ষের ওয়েলশ-এর সকল শিক্ষার্থীদেরকে পঠন ও সংখ্যাজ্ঞান পরীক্ষায় অংশ নিতে হবে।

পরীক্ষাগুলো হবে প্রায় এক ঘণ্টা ধরে এবং সেগুলো এমনভাবে নেওয়া হবে যাতে কিছু কিছু পরীক্ষার্থী পরীক্ষাটি ভাগ ভাগ করে দিতে পারে।

অল্প বয়সী শিক্ষার্থী এবং যাদের বিশেষায়িত শিক্ষার চাহিদা রয়েছে তাদের জন্য এই ব্যবস্থাটি বিশেষভাবে প্রয়োজন। শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী, এই পরীক্ষাগুলো পুরো বর্ষের সকল পরীক্ষার্থী, পুরো শ্রেণী বা ছোট কোন দলের উপর প্রয়োগ করা যেতে পারে।

# পঠন পরীক্ষা

দুই বর্ষের শিক্ষার্থীদের নিয়ে (Yr 2 – Yr 3, Yr 4 – Yr 5, Yr 6 – Yr7 Ges Yr 8 – Yr 9) পঠন পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২০১৪ সালে নতুন পরীক্ষা পদ্ধতি প্রণয়ন করা হবে তাই কোন শিক্ষার্থীকে একই পরীক্ষা দুইবার দিতে হবে না।

পরীক্ষায় থাকবে বেশ কিছু অনুচ্ছেদ যার উপর ভিত্তি করে ছোট ও এক কথায় উত্তর দেওয়ার মত প্রশ্ন ও বহু নির্বাচনী প্রশ্ন থাকবে। এছাড়াও, আরো ঐচ্ছিক পরীক্ষামূলক উপকরণাদি স্কুলগুলোকে দেওয়া হবে যা ব্যবহার করে তারা শিক্ষার্থীদের শক্তি ও দুর্বলতা আরো ভালোভাবে যাচাই করতে পারবে।

# সংখ্যাজ্ঞান পরীক্ষা

সংখ্যাজ্ঞান পরীক্ষাটি দুইটি বিভাগে অনুষ্ঠিত হবে। প্রথম বিভাগ অংকের বিভিন্ন নীতি যেমন যোগ, ভাগ ও গুণনের মূল্যায়ন করবে এবং অন্য বিভাগটি হবে যুক্তির পরীক্ষা যার মাধ্যমে পরীক্ষার্থীরা অংকের এই দক্ষতাগুলোকে দৈনন্দিন সমস্যার ক্ষেত্রে কতটুকু কাজে লাগাতে পারে তা মূল্যায়িত হবে।

2013 সালে সংখ্যাজ্ঞান পরীক্ষা শুধুমাত্র অংকের নীতির দক্ষতা মূল্যায়ন করবে। এতে শিক্ষকেরা সংখ্যাজ্ঞান শেখানোর মানানসই পদ্ধতির সাথে অভ্যস্ত হওয়ার সময় পাবেন এবং তারা এটা নিশ্চিত করবেন যে মে 2014 সালে প্রথমবারের মত যুক্তি পরীক্ষায় অংশ নেওয়ার আগে পরীক্ষায় আসতে পারে এমন প্রশ্নের সাথে যেন শিক্ষার্থীরা আগে থেকেই পরিচিত হতে পারে।

# আমার সন্তানের শেখার প্রক্রিয়ায় আমি কীভাবে সাহায্য করতে পারি?

শিশুর শিক্ষালাভ প্রক্রিয়ায় পিতা-মাতার জড়িত থাকা অপরিহার্য। আপনি আপনার শিশুর শিক্ষালাভে সক্রিয়ভাবে নিজেকে জড়িত করার মাধ্যমে সহায়তা করতে পারেন; শুধুমাত্র বাড়িতে নয়, দৈনন্দিন জীবনের অংশ হয়ে। তারা বিদ্যালয়ে কী বিষয় পড়ছে সে ব্যাপারে আগ্রহ দেখান ও কথা বলুন। তাদের পড়াশোনা এবং হোমওয়ার্ক (বাড়ীর কাজ) করার জন্য তারা যাতে একটি নিরিবিলি জায়গা পায় সেটি নিশ্চিত করুন।

## বাড়িতে একসাথে শেখার জন্য কিছু পরামর্শ

- আপনার সন্তানকে পড়ার জন্য উৎসাহ দিয়ে আপনি সত্যিকার পরিবর্তন আনতে পারবেন, এটি এমনকি দিনে ১০ মিনিটের জন্যও হলেও। নানা ধরনের পড়ার জিনিষ হতে পারে, আপনার শিশুকে শুধু বই এবং ম্যাগাজিন নয় তাকে ওয়েবসাইট, এ্যাপস, গেইমস ইত্যাদির জন্যও উৎসাহ দিন।

- খবর সম্পর্কে তাদেরকে হালনাগাদ রাখার মাধ্যমে শিশুদের মধ্যে স্থানীয়, জাতীয় এবং বিশ্বের মানুষ সম্পর্কে তাদের সচেতনতা বৃদ্ধি করা যায়। তাদেরকে সপ্তাহে একবার অথবা দুইবার সংবাদপত্র পড়তে অথবা অনলাইনের সংবাদ পড়তে উৎসাহ দেওয়ার চেষ্টা করুন।

- যখন আপনি ঘরের বিল নিয়ে কাজ করবেন, তাদের সাথে আলাপ করুন বিলে কী আছে এবং কীভাবে বিভিন্নভাবে বিল পরিশোধ করা যাবে। এটি একটি গুরুত্বপূর্ণ জীবনদক্ষতা।
- ভ্রমণ, ছুটি কাটানো অথবা অনুষ্ঠানের পরিকল্পনাতে এবং এমনকি ঘরের কাজ এবং নিজে নিজে করা যায় এমন কাজের পরিকল্পনাতেও শিশুদেরকে সম্পৃক্ত করুন।
- বর্তমানে তারা বিদ্যালয়ে যা শিখছে সেগুলোর সাথে পারিবারিক সপ্তাহান্তের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কযুক্ত করার চেষ্টা করুন। এটি শেখার ব্যাপারটিকে আরো আনন্দময় করবে।
- মনে রাখবেন ইন্টারনেট, গেইমস এবং ক্রীড়ামূলক কর্মকান্ডগুলোর সমস্ত কিছুতেই দক্ষতা ও জ্ঞান ব্যবহার মূল্যবান ও মজার মজার অনেক সুযোগ রয়েছে।
- আপনার সন্তানকে তাদের হোমওয়ার্কে সর্বোচ্চ চেষ্টা করতে এবং সময়মত শেষ করার জন্য উৎসাহ দিন।



## বিদ্যালয়ে উপস্থিতি

আপনার সন্তানের শিক্ষায় সহায়তা করার জন্য অবশ্যই সবচেয়ে ভালো উপায় হলো এটা নিশ্চিত করা যে তারা কোনো পাঠ বাদ দিচ্ছে না। তাই সকল সময় বিদ্যালয়ে আপনার সন্তানের উপস্থিতি নিশ্চিত করার মাধ্যমে তার জীবনের সম্ভাব্য সবচেয়ে ভালো শুরুটা করে দিন।





## যেসব শিশুদের বিশেষ শিক্ষাগত চাহিদা রয়েছে তাদেরকেও কি জাতীয় পাঠ্যক্রম মেনে চলতে হবে?

যাদের বাড়তি শিক্ষাগত চাহিদা রয়েছে তারাসহ বেশীর ভাগ শিশু জাতীয় পাঠ্যক্রম মেনে চলতে পারবে। তারপরও কিছু কিছু সময়ে প্রধান শিক্ষক সাময়িকভাবে বিশেষ শিক্ষাগত চাহিদা রয়েছে এমন কোনো শিশুর ক্ষেত্রে জাতীয় পাঠ্যক্রমের সম্পূর্ণ অথবা অংশবিশেষ প্রয়োগ করা উচিত নয় বলে সিদ্ধান্ত নিতে পারেন। কিছু শিশুর ক্ষেত্রে খুব বেশী ব্যতিক্রমী কোন পরিস্থিতিতে স্থায়ী ভিত্তিতে জাতীয় পাঠ্যক্রম প্রয়োগ না করার সিদ্ধান্ত নেয়া হতে পারে, যেমন- যেসব শিশুর জন্য স্থানীয় কর্তৃপক্ষ স্টেটমেন্টস অফ স্পেশাল এডুকেশন নীডস (বিশেষ শিক্ষাগত চাহিদার বিবৃতি) জারি করেছে। এটি 'ডিসঅ্যাপ্লিকেশন'(প্রযোজ্য নয়) নামে পরিচিত।

বাড়তি শিক্ষাগত চাহিদা প্রয়োজন এমন শিশুদের জন্য কী কী প্রদান করা হয় সে সম্পর্কে আপনি আরো জানতে পারবেন এখানে- www.wales.gov.uk/educationandskills

## আমি কি আমার সন্তানকে জাতীয় পাঠ্যক্রম থেকে প্রত্যাহার করতে পারি?

শিক্ষার্থীকে জাতীয় পাঠ্যক্রমের বিষয়গুলো থেকে এবং এই বিষয়গুলোতে শিক্ষার্থীর অগ্রগতি মূল্যায়নের কার্যক্রম থেকে প্রত্যাহার করার কোন অধিকার পিতা-মাতার নেই। তবে আপনার সন্তানকে যে ধর্মীয় শিক্ষা এবং যৌন শিক্ষা দেয়া হয় সেটি থেকে প্রত্যাহার করার অধিকার আপনার আছে।



# কীভাবে আমার সন্তানকে মূল্যায়ন করা হবে?



প্রতিটি জাতীয় পাঠ্যক্রমের নিজস্ব কিছু শ্রমসাধ্য লক্ষ্য রয়েছে যেটি একটি সাধারণ জাতীয় পরিমাপের অধীনে কিছু পর্যায়ক্রমিক ধাপ বা পর্যায় নিয়ে গঠিত। প্রতিটি বিষয়ের মধ্যে আপনার সন্তানের অগ্রগতি আটটি পর্যায় ও ব্যতিক্রমধর্মী ফলাফল (এক্সেপশনাল পারফরমেন্স, ইপি)-এর ভিত্তিতে জাতীয় মানদণ্ডের বিপরীতে মূল্যায়ন করা হয়। এটি শিক্ষকদের বয়স ও সামর্থ্য অনুযায়ী পাঠের পরিকল্পনা করতে এবং শিশুদের অগ্রগতি মূল্যায়ন করতে সহায়তা করে।

শিক্ষকরা সকল বিষয়ে এবং কার্যক্রমে শিশুদের প্রতিদিনের কাজ প্রতিদিন মূল্যায়ন করেন। তারা বিশেষ করে, ইংরেজী, ওয়েলশ (প্রথম অথবা দ্বিতীয় ভাষা হিসেবে), গণিত এবং বিজ্ঞানের মূল বিষয়গুলোতে তাদের অগ্রগতি মূল্যায়ন করবেন।

শিক্ষক সিদ্ধান্ত নিবেন যে জাতীয় পাঠ্যক্রমের মাপে কোন পর্যায়টিতে মূল বিষয়গুলোর প্রত্যেকটিতে আপনার সন্তানের অগ্রগতি সবচেয়ে ভালোভাবে প্রতিফলিত হয়েছে। এই মূল্যায়ন আপনার সন্তানের বিদ্যালয়ের কাজ এবং বাড়ির কাজের সবদিক বিবেচনা করবে।

# আমি কীভাবে জানবো আমার সন্তান কেমন করছে?



বছরে কমপক্ষে একবার আপনি আপনার সন্তানের উন্নতি সম্পর্কে একটি লিখিত প্রতিবেদন পাবেন। আপনার সন্তানের শিক্ষকের সাথে দেখা করার সুযোগও আপনি পাবেন।

জাতীয় পাঠ্যক্রমের মূল্যায়নের তথ্য বার্ষিক প্রতিবেদনের একটি অংশ হিসেবে থাকবে। বার্ষিক প্রতিবেদনে আপনার সন্তানের শিক্ষকের একটি মন্তব্য থাকবে যার মধ্যে থাকবে আপনার সন্তান কোন কোন বিষয়ে ভাল এবং কোন কোন বিষয়ে তার উন্নতি করা দরকার; এছাড়াও থাকবে তার উপস্থিতি এবং অর্জনসমূহ। প্রতিবেদনটি আপনার সন্তানের শিক্ষার প্রয়োজনীয়তা এবং পরবর্তী পদক্ষেপ সম্পর্কে আলোচনার ভিত্তি হিসেবে কাজ করবে।

কী স্টেইজ 3-এর শেষের দিকে আপনার সন্তানের প্রতিবেদনটিতে প্রত্যেকটি বিষয়ের জন্য জাতীয় পাঠ্যক্রমের একটি লেভেল অন্তর্ভুক্ত থাকবে। এটি আপনাকে জাতীয় পাঠ্যক্রমের মাপের বিপরীতে আপনার সন্তানের অগ্রগতি এবং অর্জনের মাত্রা সম্পর্কে একটি ধারণা দিবে।

স্থানীয় এবং জাতীয় মানের বিপরীতে বিদ্যালয়ের সবাই কেমন ফলাফল করেছে তার তুলনামূলক কিছু তথ্যও এ প্রতিবেদনটিতে থাকবে।

বিদ্যালয়ের প্রতিবেদন সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন:
www.wales.gov.uk/educationandskills

# পাঠ্যক্রমের ধাপসমুহ

### জাতীয় পাঠ্যক্রমের ফলাফল (ন্যাশনাল কারিকুলাম আউটকামস) 1, 2 এবং 3

শিক্ষকেরা সেসব শিশুদের অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন দিতে পারেন যারা জাতীয় পাঠ্যক্রমের প্রথম ধাপের দিকে অগ্রসর হচ্ছে। তারা এটি করার জন্য লেভেল 1-এর কোন প্রকার অর্জনের আগে যে তিনটি 'ফলাফল' (আউটকাম) স্তর রয়েছে সেগুলো ব্যবহার করেন।

### জাতীয় পাঠ্যক্রম লেভেল (ন্যাশনাল কারিকুলাম লেভেলস) 1, 2, 3 এবং 4

কিছু কিছু শিশুর জন্য প্রত্যাশিত লেভেলের চেয়ে কম ফলাফল করাও বড় অর্জন হিসেবে বিবেচিত হতে পারে।

### জাতীয় পাঠ্যক্রম লেভেল (ন্যাশনাল কারিকুলাম লেভেল) 5

কী স্টেইজ 3-এর শেষে শিশুদের জন্য এটি হচ্ছে প্রত্যাশিত লেভেল- প্রত্যেকে না পারলেও অধিকাংশ শিশু এ লেভেল অর্জন করবে।

### জাতীয় পাঠ্যক্রম লেভেল (ন্যাশনাল কারিকুলাম লেভেলস) 6, 7 এবং 8

লেভেল 6 অথবা এর বেশী অর্জন করা মানে হচ্ছে তাদের অর্জন গড় শিশুদের থেকে উপরে।

### ব্যতিক্রমধর্মী ফলাফল (ইপি)

কিছু কিছু শিশু প্রত্যাশিত লেভেলের উপরে অর্জন করতে পারে সেটি প্রত্যাশা করা যেতে পারে।

### এন- কোন লেভেল প্রদান করা হয়নি

খুবই কদাচিৎ কিছু কিছু পরিস্থিতির কারণে বিদ্যালয় যথেষ্ট জ্ঞান এবং সাক্ষ্যপ্রমাণের অভাবে শিক্ষকের মূল্যায়ন না পেতে পারে।

### ডি- প্রযোজ্য নয়

কিছু কিছু পরিস্থিতিতে প্রধান শিক্ষক সিদ্ধান্ত নিতে পারেন জাতীয় পাঠ্যক্রমের সম্পূর্ণ অথবা অংশবিশেষ কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য নাও হতে পারে, উদাহরণসরূপ কোন শিশুর বিশেষ শিক্ষাগত চাহিদার কারণে।

এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে এক এক শিশু এক এক হারে ফলাফল অর্জন করবে কিন্তু এটি প্রত্যাশিত যে, প্রাথমিক বিদ্যালয়ের শেষে অধিকাংশ শিশুই জাতীয় পাঠ্যক্রমের মাপে প্রত্যেক প্রধান বিষয়ে লেভেল 4 অর্জন করবে।

জাতীয় পাঠ্যক্রমের লেভেল বর্ণনাকারীবৃন্দের সম্পর্কে আরো তথ্যের জন্য যান:
www.wales.gov.uk/educationandskills



## পঠন ও সংখ্যাজ্ঞান পরীক্ষার নম্বর ও প্রতিবেদন প্রদান

পরীক্ষাগুলোর নম্বর স্কুলেই প্রদান করা হবে এবং পরীক্ষার্থীদের মূল নম্বরগুলো তাদের বয়স ও মান অনুযায়ী উপযুক্ত একটি নম্বরে রূপান্তরিত করা হবে। ওয়েলশ-এ অন্য যেসব শিশু একই পরীক্ষা দিয়েছে তাদের তুলনায় আপনার সন্তান কেমন করেছে তা এই প্রমিত নম্বরের মাধ্যমে বোঝা যাবে। পরীক্ষায় ফলাফলের উপর ভিত্তি করে, আপনার সন্তানের বয়স অনুযায়ী তার পঠন দক্ষতা (বা সংখ্যাজ্ঞান) যথাযথ, বেশি নাকি কম তা এই বয়স আনুপাতিক নম্বরটি নির্দেশ করবে। আপনার সন্তানের স্কুল থেকে এই নম্বরগুলো আপনাকে প্রতিবেদন আকারে দেওয়া হবে।

পঠন ও সংখ্যাজ্ঞান অর্জনে আপনার সন্তান কেমন করছে এই নম্বরগুলো তার গাইড হিসেবে কাজ করবে। টার্ম শেষের প্রতিবেদনের মাধ্যমে আপনার সন্তানের অগ্রগতির বিস্তারিত তার শিক্ষক আপনাকে অবহিত করবেন।

# স্কুলের প্রতিবেদন



## কে বিদ্যালয় থেকে প্রতিবেদন এবং অন্য তথ্য পাওয়ার অধিকার রাখেন?

বিদ্যালয় থেকে আপনার সন্তানের প্রতিবেদনের একটি অনুলিপি পাবার অধিকার আপনার রয়েছে। পরিচালকের (গভর্ণরের) বার্ষিক প্রতিবেদনের একটি অনুলিপি পাওয়ার অধিকারও আপনার রয়েছে।

বিবাহ বিচ্ছেদ হয়েছে অথবা আলাদা থাকেন এরকম পিতামাতা এবং অন্য কেউ যাদের উপর ভরণপোষণের দায়িত্ব রয়েছে তারা সবাই সমানভাবে এই তথ্য পাওয়ার অধিকার রাখেন যদি না আদালতের কোন আদেশ এর বিরুদ্ধে থাকে।

পিতামাতা/যত্নকারী এবং পিতামাতার দায়িত্ব সম্পর্কে আরো তথ্যের জন্য এ ওয়েবসাইটে যান-
www.wales.gov.uk/educationandskills

## আরো তথ্যের প্রয়োজন?

নিচের উৎসগুলো থেকে আপনি আরো তথ্য পেতে পারেন।

- আপনার স্কুল- আপনার সন্তানের শিক্ষক, প্রধান শিক্ষক অথবা পরিচালনা পরিষদের একজন সদস্যে সাথে কথা বলুন।
- আপনার স্থানীয় কর্তৃপক্ষ।
- আমাদের ওয়েবসাইট:
  www.wales.gov.uk/educationandskills
  www.wales.gov.uk/schoolsinfo4parents
- কেরিয়ার ওয়েলশ ওয়েবসাইট: www.careerswales.com

## আমার যদি কোনো উদ্বেগ থাকে আমি কার সাথে কথা বলব?

আপনার যদি কোনো উদ্বেগ থাকে তাহলে প্রথমে আপনার উচিত আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলা। যদি আপনার সন্তানের বিদ্যালয়ে এমন কোন নির্দিষ্ট ব্যক্তি থাকে যার সাথে কোনো উদ্বেগ বা অভিযোগ থাকলে প্রথমে যোগাযোগ করতে হয়, আপনি তার সাথে কথা বলতে পারেন।

এরপরও যদি আপনি উদ্বিগ্ন থাকেন তাহলে আপনি আপনার উদ্বেগকে অভিযোগ হিসেবে তুলে ধরতে পারেন। বিদ্যালয়ের অভিযোগ সমাধানের নীতি থেকে আপনি জানতে পারবেন এটি কীভাবে করতে হয়।

## স্কুল ব্যান্ডিং

*স্কুলগুলোকে দুর্নাম বা কলঙ্কিত করা বা স্কুলের অবস্থানের শ্রেণীবিন্যাস করার জন্য ব্যান্ডিং ব্যবহার করা হবে না। এর মাধ্যমে যে সব স্কুলের সহায়তা দরকার এবং যেখান আমাদেরও শেখার কিছু রয়েছে সেসব স্কুলগুলোকে চিহ্নিত গ্রুপে দলভুক্ত করা হবে। ওয়েলশ জুড়ে স্কুলগুলোতে কার্যকরী উন্নয়ন সাধনে ব্যান্ডিং কার্যকরী ভূমিকা পালন করবে।*
*www.wales.gov.uk/schoolsinfo4parents*

# Key Stage 4-এ উত্তীর্ণ হবার জন্য সহায়তা

শিশুরা বাধ্যতামূলক শিক্ষার সর্বশেষ দুই বছর একটি পাঠ্যক্রম অনুসরণ করবে যার মধ্যে থাকবে ইংলিশ, ওয়েলশ, গণিত এবং বিজ্ঞান।

তাদেরকে শরীরচর্চা শিক্ষা, ধর্মীয় শিক্ষা, ব্যক্তিগত এবং সামাজিক শিক্ষা, যৌন শিক্ষা অব্যাহত রাখতে হবে এবং পেশা এবং কাজের জগৎ সম্পর্কে শিখতে হবে।

অধিকাংশই নানা ধরণের কোর্স থেকে বিভিন্ন শিক্ষাগত যোগ্যতা প্রাপ্তির জন্য যথাযথ কোর্স পছন্দমত বাছাই করবে, যেমন জেনারেল সার্টিফিকেটস অফ সেকেন্ডারি এডুকেশন (জিসিএসই)-এর জন্য।

বিদ্যালয় শিশু-কিশোরদেরকে এবং তাদের পিতামাতা/কেয়ারারদেরকে নানা ধরণের তথ্য এবং সহায়তা দিবে যাতে তারা 14 বছর ও তার চেয়ে বেশী বয়সের শিশুদের শিক্ষা সম্পর্কে ভালো সিদ্ধান্ত নিতে পারেন।

# কী স্টেইজ 4-এ কী কী পছন্দ রয়েছে

কী স্টেইজ 3 (ইয়ার 9) এর শেষ বছরে, স্থানীয় কর্তৃপক্ষের অধীনে থাকা মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিশু-কিশোরদের পড়াশুনার জন্য কমপক্ষে 30টি কোর্সের ব্যবস্থা থাকবে। এগুলোর মধ্যে কমপক্ষে পাঁচটি বৃত্তিমূলক (ভোকেশনাল) অথবা আরো পেশাগত- অথবা ব্যবহারিক কোর্স থাকবে।

এটি তাদেরকে একটি ব্যাপক এবং ভারসাম্যপূর্ণ পাঠ্যক্রম অনুসরণ করার সুবিধা দেয় এবং তারা এমন একটি কোর্স বেছে নিতে পারে যেটি তাদেরকে আকৃষ্ট করে এবং অনুপ্রাহিত করে। কী স্টেইজ 4-এর শেষে তাদেরকে ভালো ফলাফল অর্জন করতে এটি সাহায্য করবে।

কী স্টেইজ 4-এর শিশু-কিশোররা সহায়তা পরিষেবাগুলোর সুবিধা পাবে, তার মধ্যে থাকবে শিক্ষার জন্য প্রশিক্ষণ যাতে তারা শিক্ষার ক্ষেত্রে কোনরকম বাঁধা থাকলে সেটি অতিক্রম করতে পারে।



# ওয়েলশ ব্যাকালোরিয়াট

ওয়েলশ এর অধিকাংশ বিদ্যালয়ই এখন ওয়েলশ ব্যাকালোরিয়াট কোয়ালিফিকেশন দিচ্ছে। এটির দুটি অংশ আছে - মৌলিক (কোর) এবং ঐচ্ছিক (অপশনস)। মৌলিক অংশটি বাধ্যতামূলক এবং এটি পাঁচটি অংশ নিয়ে গঠিত;

- ওয়েলশের আবশ্যিক দক্ষতা এবং প্রধান প্রধান দক্ষতা (এসেনশিয়াল স্কিল ওয়েলশ এন্ড কী স্কিলস)
- কাজ সম্পর্কিত শিক্ষা (ওয়র্ক-রিলেটেড এডুকেশন)
- ওয়েলশ, ইউরোপ এবং বিশ্ব (ওয়েলশ, ইউরোপ এন্ড দ্য ওয়ার্ল্ড)
- ব্যক্তিগত এবং সামাজিক শিক্ষা (পার্সোনাল এন্ড সোশ্যাল এডুকেশন)
- ব্যক্তিগত তদন্ত (ইনডিভিজ্যুয়াল ইনভেস্টিগেশন)



শিক্ষার্থীরা বিদ্যালয়ে যেসব কোর্স আছে সেগুলোর মধ্য থেকে যথার্থ ধাপের একটি কোয়ালিফিকেশন বাছাই করে। সেগুলো হতে পারে জিসিএসই অথবা বৃত্তিমূলক কোয়ালিফিকেশন যেমনটি শিক্ষার্থীটির জন্য প্রযোজ্য।

14-19 বছর বয়সীদের জন্য যোগ্যতা পর্যালোচনার পর ওয়েলশ সরকার সেপ্টেম্বর 2015 থেকে শুরু কোর্সের জন্য ওয়েলশ ব্যাকালোরিয়াট-এ কিছু পরিবর্তন করা হবে।

ওয়েলশ ব্যাকালোরিয়াট সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন:
www.wales.gov.uk/topics/ educationandskills/ qualificationsinwales/ qualificationtypesinwales/welshbac

আর যোগ্যতার পর্যালোচনা সম্পর্কে তথ্যের জন্য দেখুন:
www.wales.gov.uk/ topics/educationandskills/ qualificationsinwales

# কী ষ্টেইজ 4-এ পেশা এবং কাজের জগত বিবেচনা

## আমার সন্তান কী প্রত্যাশা করতে পারে?

- পেশা এবং কাজের জগত বিদ্যালয়ের পাঠ্যক্রমের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ যা শিশুদেরকে ভবিষ্যত কর্মজীবনে প্রবেশের জন্য তৈরী করে। বিদ্যালয়গুলোকে এটি নিশ্চিত করতে হবে যে শিশুরা কাজের জগত, চাকরিদাতাদের দরকার এরকম দক্ষতা, জ্ঞান এবং যোগ্যতা এবং পেশা নির্ধারণের জন্য বিস্তৃত পরিসরের পেশাসমূহ সম্পর্কে শিখার সুযোগ পাচ্ছে।

- 14 থেকে 19 বছর বয়সী শিশুদের জন্য কাজের অভিজ্ঞতা শিক্ষার একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি তাদেরকে কাজের জগতের জন্য দরকারী দক্ষতা, শিল্পোদ্যোগ এবং উদ্যোগগ্রহণ সম্পর্কে তাদের জ্ঞান বৃদ্ধি করার সুযোগ দেয়।

  এর মধ্যে থাকতে পারে কোন চাকরীদাতার অধীনে শিশুটির প্লেসমেন্ট সম্পন্ন করা। যদিও কাজের অভিজ্ঞতা প্রদান করা বিদ্যালয়গুলোর জন্য আবশ্যিক নয় তবু অনেকেই সেটি করে।



# 11-14 বছর বয়সীদের অভিভাবকদের জন্য দরকারি যোগাযোগ তথ্যসমূহ

দরকারি যোগাযোগ তথ্যসমূহের এই তালিকা একজন অভিভাবক হিসেবে আরো তথ্য জানতে সাহায্য করবে যাতে আপনার সন্তানদের আরো ভালভাবে আপনি সহায়তা করতে পারেন।

***Bitesize** হল বিবিসির ফ্রি অনলাইন তথ্যভাণ্ডার যা যুক্তরাজ্যে শিশুদের স্কুলের কাজের ব্যাপারে সাহায্য করে থাকে।
www.bbc.co.uk/bitesize

***Childline** হল গোপনীয়তা বজায় রেখে ২৪ ঘণ্টা ব্যাপী প্রদত্ত একটি এক গোপনীয় সেবা যেটি যুক্তরাজ্যে শিশু ও অল্প বয়স্কদের জন্য যারা শিশু নির্যাতন বা মাদকাসক্তি নিয়ে দুশ্চিন্তায় রয়েছেন।
www.childline.org.uk

***Lovereading4kids** আপনার সন্তানের এমন বইয়ের সন্ধান দিতে পারে যেগুলো তাদের চিন্তা শক্তিকে বৃদ্ধি ও বই পড়ার অভ্যাস গড়ে তুলতে সাহায্য করতে পারে।
www.lovereading4kids.co.uk

***Sumdog** একটি ওয়েবসাইট যেখানে সংখ্যাজ্ঞান নিয়ে মজার গেমস রয়েছে। গেমসগুলো ফ্রিতে খেলা যায়, তবে অতিরিক্ত সুবিধা পেতে গ্রাহক হওয়ারও একটি অপশন রয়েছে সেখানে। www.sumdog.com

**Apprenticeships** হল কারিগরি যোগ্যতা, ওয়েলশ-এ Apprenticeships সম্পর্কে জেনে নিন এবং কীভাবে এগুলো আপনার সন্তানের জন্য সঠিক হবে তাও জেনে নিন। www.wales.gov.uk ওয়েবসাইটে গিয়ে Apprenticeships Wales and Parents বিভাগে যান।

**Change4life** আপনার ও আপনার পরিবারকে স্বাস্থ্যকর ও সুখী বানানোর জন্য আপনাকে বিভিন্ন ধারণা ও কৌশল জানিয়ে সাহায্য করবে। www.change4lifewales.org.uk

**আপনার সন্তানের স্কুল কেমন করছে?**
ওয়েলশ জুড়ে স্কুলগুলো কেমন করছে সে সম্পর্কিত তথ্য নিয়ে একটি ওয়েবসাইট। www.mylocalschool.wales.gov.uk

***BBC প্রদত্ত অভিভাবকদের জন্য পরামর্শ**
বাড়ির কাজে সহায়তা থেকে শুরু করে বিশেষ শিক্ষা চাহিদা সংক্রান্ত পরামর্শ, স্কুলে আপনার সন্তানকে কীভাবে সাহায্য করা যায় তা জানার জন্য। www.bbc.co.uk/schools/parents

## MEIC

ওয়েলশ-এ শিশু ও অল্প বয়স্কদের জন্য গোপনীয়তা বজায় রক্ষা পূর্বক প্রদত্ত একটি হেল্পলাইন সেবা। আপনার স্থানীয় এলাকায় কী ঘটছে তা থেকে শুরু করে কীভাবে নিপীড়ন মোকাবেলা যায় সে সংক্রান্ত তথ্যের জন্য।

www.meiccymru.org

## Careers Wales

আপনার সন্তানের ভবিষ্যত ক্যারিয়ারের ব্যাপারে সাহায্য করার জন্য তথ্য ও পরামর্শ সেবা।

www.careerswales.com

## Estyn

আপনার সন্তানের স্কুল কেমন করছে সে সম্পর্কে অধিক তথ্য জানার জন্য।

www.estyn.gov.uk

** লক্ষ্য করুন যে এই ওয়েবসাইটটি শুধুমাত্র ইংরেজিতে পাওয়া যায়।*

